



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃ dgmlad1@krishibank.org.bd
তারিখঃ ২১/০৪/২০২২ খ্রিঃ

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৩(৭)/২০২১-২০২২/২১৬৩(১২৬০)

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ স্বল্প মেয়াদী কৃষি ঋণ পুনঃতফসিলিকরণ প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি সার্কুলার নং-০৫, তারিখ ১৯ এপ্রিল, ২০২২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর ১৯ এপ্রিল, ২০২২ তারিখের বিআরপিডি সার্কুলার নং-০৫ এ বর্ণিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি তথা যথাযথ অনুসরণ ও পরিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে সার্কুলার লেটারটির নির্দেশনাসমূহ সরাসরি নিম্নরূপে উল্লেখ করা হলোঃ

“২৩ সেপ্টেম্বর ২০১২ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৫ এবং ২৯ মে ২০১৩ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সাম্প্রতিক বৈশ্বিক অর্থনৈতিক প্রেক্ষাপটে আন্তর্জাতিক বাজারে বিভিন্ন কৃষিজ উপকরণের মূল্য এবং পরিবহন ব্যয় বৃদ্ধি পাওয়ায় এর আমদানি মূল্য বৃদ্ধি পেয়েছে। দেশের অভ্যন্তরীণ বাজারে কৃষি পণ্যসমূহের মূল্য বৃদ্ধি রোধকল্পে এ খাতের উদ্যোক্তাদের উৎপাদন কার্যক্রমে আরও গতিশীলতা আনয়নের প্রয়োজনীয়তা রয়েছে। বর্ণিত পরিস্থিতিতে, কৃষি খাতের উদ্যোক্তাদের ঋণ পরিশোধ সহজতর করা এবং আলোচ্য খাতে স্বাভাবিক ঋণ প্রবাহ বজায় রাখার লক্ষ্যে স্বল্প মেয়াদী কৃষি ঋণ পুনঃতফসিলিকরণের ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা অনুসরণীয় হবেঃ

- ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ডাউন পেমেন্ট গ্রহণের শর্ত শিথিল করে স্বল্প মেয়াদী কৃষি ঋণ পুনঃতফসিলের তারিখ হতে ০৬ মাস গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ৩ (তিন) বছর মেয়াদে পুনঃতফসিল করা যাবে। ক্ষেত্রবিশেষে বিনা ডাউন পেমেন্টেও এ ধরনের ঋণ পুনঃতফসিল করা যাবে;
- ঋণ পুনঃতফসিলের পর উল্লিখিত খাতের ঋণগ্রহীতাদের কোন অর্থ নতুনভাবে জমা ব্যতিরেকেই পুনরায় নতুন ঋণ প্রদান করা যাবে;
- সার্টিফিকেট মামলা চলাকালীন সময়ে গ্রাহকের সাথে সমঝোতার (সোলোনামা) মাধ্যমে সার্টিফিকেট মামলা স্থগিত/নিষ্পত্তিপূর্বক ঋণ পুনঃতফসিল করা যাবে; এবং
- ইতঃপূর্বে পুনঃতফসিলকৃত স্বল্প মেয়াদী কৃষি ঋণের ক্ষেত্রেও উল্লিখিত সুবিধাদি প্রযোজ্য হবে।

৩। উল্লিখিত নির্দেশনা ব্যতীত বিআরপিডি সার্কুলার নং-১৫/২০১২ ও বিআরপিডি সার্কুলার নং-০৬/২০১৩ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং ৩১ ডিসেম্বর ২০২২ পর্যন্ত বলবৎ থাকবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।”

০৩। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর ১৯ এপ্রিল, ২০২২ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-০৫ এতদসংগে সংযুক্ত করা হলো। এমতাবস্থায়, বিআরপিডি সার্কুলার লেটার নং-০৫ মোতাবেক নির্ধারিত সময়সীমার মধ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অত্যন্ত জরুরী।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত


২১/০৪/২০২২
(চানু গোপাল ঘোষ)
উপব্যবস্থাপনা পরিচালক

চলমান পাতা-০২


বিষয়ঃ বল্ল মেয়াদী কৃষি ঋণ পুনঃতফসিলিকরণ প্রসঙ্গে।

নং-প্রকা/ক্রঃবিঃ/শাখা-১/৩(৭)/২০২১-২০২২/ ২২৩৩(২২৫০)

তারিখঃ ২১/০৮/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, ট্রেনিং ইনস্টিটিউট, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব ওয়েব সাইটের উন্মুক্ত জোনে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার নং-০৫

১৯ এপ্রিল ২০২২

তারিখঃ -----

০৬ বৈশাখ ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

স্বল্প মেয়াদী কৃষি ঋণ পুনঃতফসিলিকরণ প্রসঙ্গে।

২৩ সেপ্টেম্বর ২০১২ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৫ এবং ২৯ মে ২০১৩ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সাম্প্রতিক বৈশ্বিক অর্থনৈতিক প্রেক্ষাপটে আন্তর্জাতিক বাজারে বিভিন্ন কৃষিজ উপকরণের মূল্য এবং পরিবহন ব্যয় বৃদ্ধি পাওয়ায় এর আমদানি মূল্য বৃদ্ধি পেয়েছে। দেশের অভ্যন্তরীণ বাজারে কৃষি পণ্যসমূহের মূল্য বৃদ্ধি রোধকল্পে এ খাতের উদ্যোক্তাদের উৎপাদন কার্যক্রমে আরও গতিশীলতা আনয়নের প্রয়োজনীয়তা রয়েছে। বর্ণিত পরিস্থিতিতে, কৃষি খাতের উদ্যোক্তাদের ঋণ পরিশোধ সহজতর করা এবং আলোচ্য খাতে স্বাভাবিক ঋণ প্রবাহ বজায় রাখার লক্ষ্যে স্বল্প মেয়াদী কৃষি ঋণ পুনঃতফসিলিকরণের ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা অনুসরণীয় হবে:

(ক) ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ডাউন পেমেন্ট গ্রহণের শর্ত শিথিল করে স্বল্প মেয়াদী কৃষি ঋণ পুনঃতফসিলের তারিখ হতে ০৬ মাস গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ৩ (তিন) বছর মেয়াদে পুনঃতফসিল করা যাবে। ক্ষেত্রবিশেষে বিনা ডাউন পেমেন্টেও এ ধরনের ঋণ পুনঃতফসিল করা যাবে;

(খ) ঋণ পুনঃতফসিলের পর উল্লিখিত খাতের ঋণগ্রহীতাদের কোন অর্থ নতুনভাবে জমা ব্যতিরেকেই পুনরায় নতুন ঋণ প্রদান করা যাবে;

(গ) সার্টিফিকেট যামলা চলাকালীন সময়ে গ্রাহকের সাথে সমঝোতার (সোলেনামা) মাধ্যমে সার্টিফিকেট যামলা স্থগিত/নিষ্পত্তিপূর্বক ঋণ পুনঃতফসিল করা যাবে; এবং

(ঘ) ইতঃপূর্বে পুনঃতফসিলকৃত স্বল্প মেয়াদী কৃষি ঋণের ক্ষেত্রেও উল্লিখিত সুবিধাদি প্রযোজ্য হবে।

৩। উল্লিখিত নির্দেশনা ব্যতীত বিআরপিডি সার্কুলার নং-১৫/২০১২ ও বিআরপিডি সার্কুলার নং-০৬/২০১৩ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং ৩১ ডিসেম্বর ২০২২ পর্যন্ত বলবৎ থাকবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)

মহাব্যবস্থাপক

ফোন-৯৫৩০২৫২